

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০০৪.২০১২-৯৩

তারিখঃ ২০.০২.২০১৪ খ্রি:

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ কমিউনিটি বেইসড হেলথ কেয়ার (সিবিএইচসি) শীর্ষক কর্মসূচির বৈদেশিক প্রশিক্ষণের জন্য অগ্রিম অর্থ উত্তোলনের মঞ্জুরী
প্রদান সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় কমিউনিটি বেইসড হেলথ কেয়ার (কোড নং-৫-২৭১১-৫০৭০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের ১ম কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে বৈদেশিক প্রশিক্ষণে ৩০ জনের বিমান ভাড়া রিলেটেড + দৈনিক সম্মানী ভাতা বাবদ যথাক্রমে (১৯,২০,৮০০/-+২৫,৩৬,৮০০/-)=৪৪,৫৭,৬০০/- টাকা এবং ৩০ জনের টিউশন ফি, ইনস্টিটিউশনাল ও প্রোগ্রাম ডেভেলপমেন্ট ব্যয় বাবদ ২৮,৮০,০০০/- টাকাসহ সর্বমোট (৪৪,৫৭,৬০০/-+২৮,৮০,০০০/-)= ৭৩,৩৭,৬০০/- (তিয়াত্তর লক্ষ সাইত্রিশ হাজার ছয়শত) টাকা অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। নিম্নবর্ণিত বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের লক্ষ্যে ৪৮৪৪ কোডে ৩০ জনের বিমান ভাড়া রিলেটেড + দৈনিক সম্মানী ভাতা বাবদ যথাক্রমে ১৯,২০,৮০০+২৫,৩৬,৮০০)=৪৪,৫৭,৬০০/- টাকা অতিরিক্ত সচিব ও লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইসড হেলথ কেয়ার-এর অনুকূলে ন্যাস্ত করার এবং ৩০ জনের টিউশন ফি, ইনস্টিটিউশনাল ও প্রোগ্রাম ডেভেলপমেন্ট ব্যয় বাবদ ২৮,৮০,০০০/- টাকার সমপরিমাণ বৈদেশিক মুদ্রায় (৩৬০০০.০০ মার্কিন ডলার) আয়োজনকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে প্রেরণ করার অনুমোদন প্রদান করা হলো :

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম, দেশ ও মেয়াদ	প্রশিক্ষণার্থীর সংখ্যা	বিমান ভাড়া ও রিলেটেড ব্যয় (US\$)	দৈনিক ভাতা (US\$)	টিউশন রিলেটেড ব্যয় (US\$)	প্রাক্কলিত ব্যয় (US\$)
1	Training on Planning & Management on Primary Health Care in the Community Level, University of Colombo, Sri Lanka 07 Days	10	7630.00 763.00 X 10	10,570.00 10X7X151.00	12000.00	30200.00
2	Training on Development of Refferal Linkage in Health Facilities, Indonanesia, 07 Days	10	9000.00 900.00 X 10	10,570.00 10X7X151.00	12000.00	31570.00
3.	Study Tour on Alternative Financing in Primary Health Care, Malaysia, 07 Days	10	7380.00 738.00 X 10	10,570.00 10X7X151.00	12000.00	29,950.00
			US\$ 24010.00 BDT 1920800.00	US\$ 31710.00 BDT 2536800.00	US\$ 36000.00 BDT2880000.00	US\$ 91270.00 BDT 7337600.00

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০৩। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অর্ন্তভুক্ত কমিউনিটি বেইসড হেলথ কেয়ার (কোড নং-৫-২৭১১-৫০৭০) শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের অর্থ হতে কোড নং-৫-২৭১১-৫০৭০-৪৮৪৪ হতে বহন করা হবে।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে।
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পন করতে হবে;
- (ঘ) আরপিএ (জিওবি) বাবদ ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পূর্ণভরণ নিশ্চিত করতে হবে;
- (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (চ) ভবিষ্যতে পুনরায় অগ্রিম উত্তোলনের প্রয়োজন হলে অবশ্যই পূর্ববর্তী অগ্রিম সমন্বয়ের সপক্ষে দালিলিক প্রমাণ সংযুক্ত করতে হবে।

০৪। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষর
(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০০৪.২০১২-৯৩/১(৯)

তারিখঃ ২০.০২.২০১৪ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইসড হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। উপ প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ০৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৮। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বাক্ষর
20/2/2018
(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব